# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৮০

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - ইয়ামান ও শাম (সিরিয়া) দেশের বর্ণনা এবং উওয়াইস করানী-এর আলোচনা

## اَلْفصْلُ الثَّالِثُ ( بَاب تَسْمِيَة من سمي من أهل الْبَدْر فِي «الْجَامِعِ لِلْبُخَارِيِّ» )

আরবী

وَعَنْ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «رَأَيْتُ عَمُودًا مِنْ نُورٍ خَرَجَ مِنْ تَحْتِ رَأْسِي سَاطِعًا حَتَّى اسْتَقَرَّ بِالشَّامِ» . رَوَاهُمَا الْبَيْهَقِيُّ فِي «دَلَائِل النُّبُوَّة»

سنده ضعيف ، رواه البيهقى فى دلائل النبوة (6 / 449) من طريق يعقوب بن سفيان الفارسى وهو فى كتاب المعرفة و التاريخ له (2 / 311) * فيه نصر بن محمد بن سليمان الحمصى ضعيف ضعفه الجمهور و ابوه مجهول الحال فالسند ضعيف ، و للحديث شواهد ضعيفة ، انظر تنقيح الرواة (3 / 274) وغيره

বাংলা

৬২৮০-[১৫] ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আমি (স্বপ্নে) দেখেছি, একটি আলোর খুঁটি আমার নিচ হতে বের হয়ে উপরে আলোকিত হয়েছে- অবশেষে তা সিরিয়ায় গিয়ে স্থির হয়ে গেছে। [উক্ত হাদীস দু’টি ইমাম বায়হাক্বী (রহিমাহুল্লাহ) “দালায়িলুন নুবুওয়্যাহ্” গ্রন্থে বর্ণনা করেছেন]

ফুটনোট

সহীহ: বায়হাক্বী আদ্ দালায়িলুন নুবুওয়্যাহ্ ৬/৪৪৯, তাখরীজ আহাদীস ফাযায়িলুশ শাম ৩, হিদায়াতুর রুওয়াত ৫/৪৯৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: “শামে গিয়ে স্থির হলো” এ হাদীস শামে তাঁর বিজয়, দীন তথায় দৃঢ় ও স্থায়ী হওয়া প্রমাণ করে। মায়ের পেট থেকে নবী (সা.) -এর জন্মের সময় সেদিকে নূর বের হয়েছিল এবং এতে শাম অঞ্চল আলোময় হয়েছিল। (মিশকাতুল মাসাবীহ - মুম্বাই ছাপা, ৫ম খণ্ড, পৃ. ২৯৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86257

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন